# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৭৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৩. তৃতীয় অনুচ্ছেদ - জুমু‘আর সালাত ফরয

## আরবী

عَنِ ابْنِ مَسْعُودٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِقَوْمٍ يَتَخَلَّفُونَ عَنِ الْجُمُعَةِ: «لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ رَجُلًا يُصَلِّي بِالنَّاسِ ثُمَّ أُحْرِقَ عَلَى رِجَالٍ يَتَخَلَّفُونَ عَنِ الْجُمُعَةِ بُيُوتهم» . رَوَاهُ مُسلم

## বাংলা

১৩৭৮-[৯] ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন লোক সম্পর্কে বলেছেন, যারা জুমু’আর সালাতে উপস্থিত হয় না, তাদের সম্পর্কে আমি চিন্তা করে দেখেছি যে, আমি কাউকে আদেশ করব, সে আমার স্থানে লোকদের ইমামাত করবে। আর আমি গিয়ে তাদের ঘরে আগুন লাগিয়ে দেবো। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৬৫২, ইবনু আবী শায়বাহ্ ৫৫৩৯, আহমাদ ৩৮১৬, ইবনু খুযায়মাহ্ ১৮৫৩, সুনানুল বায়হাক্বী আল কুবরা ৪৯৩৫, সহীহ আত্ তারগীব ৭২৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (بُيُوتهم) এটি أُحْرِقَ -এর মাফ্‘উল। এর অর্থ হলো আমার ইচ্ছা জাগে যে, কাউকে ইমামতি দিয়ে, যারা বিনা কারণে জুমু‘আয় উপস্থিত হয়নি, আমি তাদের বাড়ী যেন পুড়িয়ে দেই। অর্থাৎ তাদের ঘরে নিজেদের যে আসবাবপত্র রয়েছে তা সবই। আলোচ্য হাদীস জুমু‘আর ফারযিয়্যাতের উপর দলীল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55938

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন